# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

বিষয় কোড : ২ ৯ ২

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶ জেনিয়া লি.-এর মূলধন কাঠামো নিম্নরূপ:**

| | ক-প্রতিষ্ঠান | খ-প্রতিষ্ঠান |
|---|---|---|
| পণ্য → | মিনিপ্যাক শ্যাম্পু | বোতলজাত শ্যাম্পু<br>মিনিপ্যাক শ্যাম্পু<br>হারবাল শ্যাম্পু |
| মুনাফা/ক্ষতি ভোগকারী → | মালিক একাই | সব শেয়ার মালিকের মধ্যে বণ্টিত হয় |

ক. ব্যক্তিগত অর্থায়ন কী? ১

খ. মুনাফা সর্বাধিকরণ বলতে তুমি কী বুঝ? ২

গ. উদ্দীপকের খ-প্রতিষ্ঠানটিতে অর্থায়নের কোন নীতির প্রতিফলন লক্ষ করা যায়? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ক ও খ প্রতিষ্ঠানের মধ্যে কোনটিতে বিনিয়োগকারীর ঝুঁকি বেশি? মতামত দাও। ৪

**২.▶** নাসিফ লি. নবগঠিত আমদানি-রপ্তানিকারক প্রতিষ্ঠান। মূলধনের প্রয়োজনে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ এস.ই.সি. এর অনুমতি নিয়ে শেয়ার বিক্রয়ের মাধ্যমে মূলধন সংগ্রহ করে। প্রতিষ্ঠানটি বিদেশে তৈরি পোশাক রপ্তানি করে থাকে। অল্পদিনের মধ্যে প্রতিষ্ঠানটি বেশ সফল হয়। তবে রপ্তানি আয়ের কিছু অংশ ব্যাংকের মাধ্যমে এবং অবশিষ্ট অংশ হুন্ডির মাধ্যমে সংগ্রহ করে। কিছুদিন পর আইন প্রয়োগকারী সংস্থা প্রতিষ্ঠানটিকে দোষী সাব্যস্ত করে।

ক. প্লেসমেন্ট কী? ১

খ. ব্রোকারেজ হাউস কেন প্রয়োজন? ২

গ. উদ্দীপকে বর্ণিত নাসিফ লি. কোন বাজারে শেয়ার বিক্রয় করেছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি আইনের দৃষ্টিতে দোষী সাব্যস্ত হবার কারণ বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৩.▶আসিফের কাছে ৫ লক্ষ টাকা আছে। সে এই অর্থ দিয়ে ব্যবসায় করতে চায়। কাপড়ের দোকান দিলে প্রতিবছর ১ লক্ষ টাকা করে ৮ বছর পাবে। আবার পোলট্রি ফার্ম দিলে যথাক্রমে ১,০০,০০০, ১,৫০,০০০, ২,২০,০০০, ৩,০০,০০০, ২,৫০,০০০ ও ৩,৫০,০০০ টাকা করে ৬ বছর পাবে।

ক. ঘূর্ণায়মান ঋণ কি? ১

খ. পোর্টফোলিও নীতি কেন গ্রহণ করা হয়? ২

গ. আসিফের কাপড়ের দোকানে প্রাপ্ত অর্থের ভবিষ্যৎ মূল্য কত হবে? ৩

ঘ. আসিফের কোন ব্যবসায় করা লাভজনক হবে? পরামর্শ দাও। ৪

৪.▶ আলেয়া লি. পানীয় তৈরি করে থাকে। প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতা ২০,০০০ একক। কিন্তু বিক্রয় সন্তোষজনক না হওয়ায় ১৫,০০০ একক পণ্য উৎপাদন করে। তবে বিক্রয়ের পরিমাণ ১২,০০০ একক। প্রতিষ্ঠানটির স্থায়ী ব্যয় ১,২০,০০০ টাকা, একক প্রতি বিক্রয়মূল্য ৫৫ টাকা এবং একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৩৫ টাকা। চলতি বছরে প্রতিষ্ঠানটি বিক্রয় বাড়ানোর জন্য একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৫ টাকা কমানোর চিন্তা করছে। এতে করে স্থায়ী ব্যয় ৩০,০০০ টাকা বৃদ্ধি পাবে।

ক. মানি লন্ডারিং কী? ১

খ. অনুপাত বিশ্লেষণ বলতে কী বোঝায়? ২

গ. আলেয়া লি. কত একক এবং কত টাকার পণ্য বিক্রয় করলে কোন লাভ বা ক্ষতি হবে না? ৩

ঘ. নতুন সিদ্ধান্তের ফলে আলেয়া লি.-এর সমচ্ছেদ বিন্দুতে কোনো প্রভাব পড়বে কি? ব্যাখ্যা করো। ৪

৫.▶ মম ট্রেডার্স-এর ৩,০০,০০০ টাকা চলতি মূলধন প্রয়োজন। এই মূলধন সংগ্রহের জন্য তারা দুটি বিকল্পের কথা ভাবছে। ৩/১৫, নিট ৬০ শর্তে বাকিতে পণ্য ক্রয় করতে পারে অথবা ব্যাংক থেকে ১২% সুদে ঋণ নিতে পারে। ব্যাংক ঋণের ক্ষেত্রে ব্যাংক অগ্রিম সুদ কর্তন করবে।

ক. নগদ চক্র কী? ১

খ. ব্যবসায় ঋণের খরচ কে বহন করে থাকে? ২

গ. মম ট্রেডার্সের ব্যবসায় ঋণের ব্যয় কত হবে? ৩

ঘ. প্রতিষ্ঠানটির কোন উৎস থেকে মূলধন সংগ্রহ করা উচিত? গাণিতিকভাবে দেখাও। ৪

৬.▶ লিলি লি. ফ্যাশনেবল পোশাক বাজারজাত করতে যাচ্ছে। সারা বছর তাদের ৬৪,০০০ একক পণ্যের প্রয়োজন হবে। প্রতি একক পণ্যের ক্রয়মূল্য ১,০০০ টাকা, ফরমায়েশ প্রতি ব্যয় ৫০০ টাকা, বহন ব্যয় ক্রয়মূল্যের ১%, নিরাপত্তা মজুত ৫০০ একক এবং সংগ্রহ সময় ৩ দিন।

ক. মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ কী? ১

খ. লিলি লি.-এর মোট মজুদ ব্যয় কত হবে? ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকের তথ্য অনুসারে লিপি লি.-এর পুনঃফরমায়েশ বিন্দু নির্ণয় করো। ৩

ঘ. যদি সংগ্রহ সময় ৩ দিনের স্থলে ৫ দিন হয় তাহলে মজুদ ব্যবস্থায় কী ধরনের সমস্যা হবে বলে তুমি মনে করো? ৪

৭.▶ শওকত লি. এর নগদ প্রবাহ সংক্রান্ত নিম্নোক্ত তথ্যাদি দেয়া হলো :

চলতি বছরের নিট মুনাফা ১০,০০,০০০ টাকা, অবচয়ের পরিমাণ ৬০,০০০ টাকা, চলতি সম্পত্তির পরিবর্তন ১,২০,০০০ টাকা, চলতি দায়ের পরিবর্তন (৪৫,০০০) টাকা। চলতি বছরে ৩,০০,০০০ টাকার স্থায়ী সম্পত্তি ক্রয় করা হয়েছে। অন্যদিকে এ বছর ১,০০,০০০ টাকা মূল্যের স্থায়ী সম্পত্তি ৮০,০০০ টাকায় বিক্রয় করা হয়েছে। এ বছর ১,০০,০০০ টাকার শেয়ার নগদে বিক্রয় করা হয়েছে। পক্ষান্তরে ৭০,০০০ টাকা মূল্যের একটি ঋণপত্র পরিশোধ করা হয়েছে। এ বছর ৩,০০,০০০ টাকা নগদ লভ্যাংশ এবং ৫০,০০০ টাকা সুদ প্রদান করা হয়েছে। কোম্পানির জন্য প্রযোজ্য কর হার ৪০%।

ক. বাট্টাকরণ কী? ১

খ. অনগদ খরচ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের তথ্য অনুসারে শওকত লি.-এর ফ্রি নগদ প্রবাহ নির্ণয় করো। ৩

ঘ. যদি প্রারম্ভিক নগদ তহবিলের পরিমাণ ২,৬০,০০০ টাকা হয় তাহলে শওকত লি.-এর সমাপনী নগদের পরিমাণ কত হবে? ৪

৮.▶ মি. অয়ন একজন ক্ষুদ্র বিনিয়োগকারী। তিনি ৫ বছর মেয়াদি ৮% কুপন বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন। প্রতিটি কুপন বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. হাইব্রিড সিকিউরিটি কী? ১

খ. ট্রেজারি বন্ডের আয়ের হারকে কেন ঝুঁকিমুক্ত আয়ের হার বলা হয়? ২

গ. বন্ডটি ক্রয়ের জন্য মি. অয়নের সর্বোচ্চ কত টাকা দিতে রাজি হওয়া উচিত? ৩

ঘ. বন্ডটি ৯৪০ টাকায় ক্রয় করা হলে মেয়াদপূর্তিতে উপার্জন হার কত হবে? ৪

৯.▶ জেসিয়া লি. এর মূলধন কাঠামো নিম্নরূপ :

| মূলধনের উৎস | পরিমাণ (টাকা) |
|---|---|
| সাধারণ শেয়ার | ১৫,০০,০০০ |
| ৯% অগ্রাধিকার শেয়ার | ৫,৫০,০০০ |
| ১০% ঋণপত্র | ৯,৫০,০০০ |
| মোট | ৩০,০০,০০০ |

কোম্পানির প্রতিটি শেয়ার বর্তমানে বাজারে ১০ টাকা করে বিক্রয় হচ্ছে। আগামী বছর কোম্পানি শেয়ারপ্রতি ২ টাকা করে লভ্যাংশ দেয়ার প্রত্যাশা করছে। লভ্যাংশ বৃদ্ধির হার ৫% এবং করের হার ৪০%। কোম্পানিটি আগামী বছর ১২% ঋণপত্রের মাধ্যমে আরোও ১০ লক্ষ টাকা মূলধন সংগ্রহ করতে চাচ্ছে।

Teachingbd24.com

https://teachingbd24.com

ক. কাম্য মূলধন কাঠামো কী? ১
খ. সংরক্ষিত মুনাফার ব্যয় বলতে তুমি কি বুঝ? ২
গ. উদ্দীপকে বর্ণিত কোম্পানিটির ভার আরোপিত মূলধন ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত কোম্পানিটির নতুন মূলধন সংগ্রহের ফলে তার আরোপিত মূলধন ব্যয়ের ক্ষেত্রে কী প্রভাব পড়বে? যুক্তি দাও। ৪

১০.▶ হানিফা লি. নতুন একটি প্রকল্পে ২০,০০,০০০ টাকা বিনিয়োগ করতে চাচ্ছেন। প্রতিষ্ঠানটির আর্থিক ব্যবস্থাপক প্রকল্পটি থেকে আগামী ৫ বছর নিম্নোক্তভাবে কর-পরবর্তী নগদ অন্তঃপ্রবাহ প্রত্যাশা করছেন। এছাড়াও মেয়াদ শেষে ভগ্নাবশেষ মূল্য বাবদ ১,০০,০০০ টাকা পাওয়া যাবে।

| বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| কর-পরবর্তী নগদ অন্তঃপ্রবাহ (টাকা) | ৫,২০,০০০ | ৫,৬০,০০০ | ৭,০০,০০০ | ৮,২০,০০০ | ৬,৪০,০০০ |

প্রকল্পটি থেকে প্রতিষ্ঠানটির প্রত্যাশিত আয়ের হার ১২%।
ক. উত্তরণ খরচ কী? ১
খ. মাধ্যমিক বাজারের তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত কোম্পানিটির পে-ব্যাক সময় নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত কোম্পানিটির নিট বর্তমান মূল্য নির্ণয় করো এবং বিনিয়োগের ব্যাপারে মতামত দাও। ৪

১১.▶ মি. পলাশ নতুন একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছেন। তিনি সুরমা অথবা যমুনা কোম্পানিতে বিনিয়োগ করতে পারেন। কোম্পানির প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | সম্ভাব্য আয়ের হার (%) | |
|---|---|---|---|
| | | সুরমা কোম্পানি | যমুনা কোম্পানি |
| ভালো | ০.৪০ | ৭.৫ | ৫.০ |
| মন্দ | ০.১৫ | ২.৫ | ৬.৫ |
| স্বাভাবিক | ০.২৫ | ৮.০ | ৭.৫ |
| তেজি | ০.২০ | ১০.০ | ৯.৫ |

মি. পলাশ একজন ঝুঁকিবিমুখ বিনিয়োগকারী। তিনি উপযুক্ত বিনিয়োগ প্রকল্পটি বাছাই করতে চাচ্ছেন।
ক. পোর্টফোলিও ঝুঁকি কী? ১
খ. একজন বিনিয়োগকারী কখন একটি ঝুঁকিপূর্ণ প্রকল্পে বিনিয়োগ করবে? ২
গ. উদ্দীপকে বর্ণিত কোম্পানি দুটির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত মি. পলাশের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত তা নির্ণয় করে মতামত দাও। ৪

https://teachingbd24.com

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২ ৯ ২

সময় ঃ৩০ মিনিট পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. বার্ষিক চক্রবৃদ্ধির ধারা কোনটি?
ক ৬৯ খ ৭০
গ ৭১ ঘ ৭২

২. কোনটি মুদ্রা বাজারের হাতিয়ার?
ক ঋণপত্র খ শেয়ার
গ বাণিজ্যিক পত্র ঘ বন্ড

৩. মাসিক চক্রবৃদ্ধির ক্ষেত্রে m এর মান কত?
ক ১২ খ ৬
গ ৪ ঘ ২

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।

মি. শফিক একজন খামারি। খামার ব্যবসায় ঝুঁকিপূর্ণ জেনেও তিনি দুগ্ধ খামার, মুরগির খামার ও কোয়েলের খামার ব্যবসায় বেশ কিছু অর্থ বিনিয়োগ করেন। এককভাবে একটি খামারের বিনিয়োগের মাধ্যমে অন্যের ক্ষতিগ্রস্থ হলেও তিনি মুনাফা লাভে সক্ষম হন।

৪. মি. শফিক বিনিয়োগ-এর ক্ষেত্রে কোন নীতি গ্রহণ করেছেন?
ক ঝুঁকি ও আয় নীতি
খ তারল্য ও মুনাফার নীতি
গ ব্যয় নিয়ন্ত্রণ নীতি
ঘ পোর্টফোলিও বৈচিত্র্য নীতি

৫. শফিকের একাধিক ফার্মে বিনিয়োগ-এর ফলে?
i. ঝুঁকি কমছে
ii. লাভ বেশি হয়েছে
iii. খামার পরিকল্পনা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. ঋণের ব্যয় প্রভাবিত হয় কোনটি দ্বারা?
ক লভ্যাংশ খ মুদ্রা সংকোচন
গ মুদ্রাস্ফীতি ঘ কর হার

৭. মি. সাব্বির ৫% সরল সুদে ১,৬০০ টাকা ধার করেন। ৩ বছরে তাকে কত টাকা সুদ দিতে হয়?
ক ২৬০ টাকা খ ২৪০ টাকা
গ ২৩০ টাকা ঘ ২২০ টাকা

৮. মানি লন্ডারিং আইন কোন সালে চালু হয়?
ক ১৯৯১ খ ১৯৯২
গ ২০০১ ঘ ২০০২

৯. IPO এর সঠিক রূপ কোনটি?
ক Important Police Officer
খ Initial Public Offering
গ International Public Offer
ঘ International Police Officer

১০. লভ্যাংশ বৃদ্ধি মডেলের সূত্র কোনটি?
ক $Ke = \frac{D_1}{P_o} + g$ খ $Ke = \frac{D_o}{P_o} + g$
গ $Ke = \frac{D_o}{P_o} - g$ ঘ $Ke = \frac{D_1}{P_1} + g$

১১. ঋণ মূলধন ব্যবহার করলে হয়—
ক সুদ হ্রাস খ বেশি লাভ
গ কর হ্রাস ঘ শেয়ারের মূল্য বৃদ্ধি

১২. বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতির প্রথম কৌশল কোনটি?
ক ARR খ NPV
গ IRR ঘ PBP

১৩. সরল সুদ কিসের ওপর গণনা করা হয়?
ক আসল খ সুদাসল
গ মুনাফা ঘ ব্যয়

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।

মি. সৌমিক একটি মিষ্টির দোকান দিলেন। দোকান পরিচালনার জন্য অর্থ সংকট দেখা দিলে তিনি এক বছরের জন্য ঋণ গ্রহণের পরিকল্পনা করলেন।

১৪. মি. সৌমিক কোন ধরনের ঋণ গ্রহণ করলেন?
ক স্বল্পমেয়াদি খ মধ্যমেয়াদি
গ দীর্ঘমেয়াদি ঘ নগদ ঋণ

১৫. মি. সৌমিকের ঋণ গ্রহণের সর্বোত্তম মাধ্যম কোনটি?
ক বাণিজ্যিক পত্র খ মধ্যমেয়াদি ঋণ
গ বাণিজ্যিক ব্যাংক ঘ ক্রেডিট কার্ড

১৬. স্বল্পমেয়াদি আর্থিক দলিল কোনটি?
ক মিউচুয়াল ফান্ড খ ট্রেজারি বিল
গ বন্ড ঘ ঋণপত্র

https://teachingbd24.com

১৭. ব্যবসায় ঋণ কোন ধরনের ঋণ?
ⓚ নগদ ঋণ ⓚ জমাতিরিক্ত ঋণ

(ক) নগদ ঋণ (খ) জমাতিরিক্ত ঋণ
(গ) সাধারণ ঋণ (ঘ) জামানত বিহীন ঋণ

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**

মেসার্স মনিকা ট্রেডিং ৫ বছরের জন্য ১৫ লক্ষ টাকা অগ্রণী ব্যাংক হতে ঋণ নিলেন। প্রতিষ্ঠানটি বেলুন পদ্ধতির মাধ্যমে সমান কিস্তিতে ঋণ পরিশোধ করতে চায়।

**১৮. বার্ষিক আসল কিস্তির পরিমাণ কত?**
(ক) ৩০,১০,০০০ টাকা
(খ) ৩,০০,০০০ টাকা
(গ) ৩,২০,০০০ টাকা
(ঘ) ৩,৩০,০০০ টাকা

**১৯. ৫ বছর পর মনিকা ট্রেডিং-এর ঋণ কত থাকবে?**
(ক) ০(শূন্য) টাকা (খ) ১ লক্ষ টাকা
(গ) ২ লক্ষ টাকা (ঘ) ৩ লক্ষ টাকা

**২০. চক্রবৃদ্ধি ও বাট্টাকরণের সম্পর্ক হচ্ছে—**
(ক) সমমুখী (খ) বিপরীত মুখী
(গ) নিরপেক্ষ (ঘ) সমানুপাতিক

**২১. মেসার্স আলম ট্রেডিং-এর হিসাব বই থেকে চলতি সম্পদ ১৬,০০,০০০ টাকা এবং চলতি দায় ৯,০০,০০০ টাক পাওয়া গেল। উক্ত প্রতিষ্ঠানের চলতি অনুপাত দায় কত?**
(ক) ১ ৭৮ : ১ (খ) ১.৭৭ : ১
(গ) ১.৭৬ : ১ (ঘ) ১.৭৫ : ১

**উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. এমরান এ্যারোমা ফুড লি.-এর একজন ব্যবস্থাপক। তিনি উক্ত প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী বিশ্লেষণ করেন।

**২২. তিনি যে সিদ্ধান্ত নেন?**
i. অর্থসংস্থান সিদ্ধান্ত
ii. লভ্যাংশ সিদ্ধান্ত
iii. বিনিয়োগ সিদ্ধান্ত

**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৩. শেয়ারহোল্ডারগণ আর্থিক বিশ্লেষণের মাধ্যমে কি জানতে পারেন?**
(ক) মুনাফা লাভের দক্ষতা
(খ) বিক্রয়ের বৃদ্ধির দক্ষতা
(গ) নীতি প্রণয়নের তথ্য
(ঘ) সম্পদ বৃদ্ধির দক্ষতা

**২৪. অর্থসংস্থানের বাহ্যিক উৎস কোনটি?**
(ক) উদ্যোক্তাদের মূলধন
(খ) অবচয়
(গ) আর্থিক প্রতিষ্ঠান
(ঘ) সংরক্ষিত আয়

**২৫. নিচের কোন কাজটি অর্থায়নের সাথে জড়িত?**
(ক) অর্থ সংরক্ষণ
(খ) ব্যাংক নিয়ন্ত্রণ
(গ) তথ্য নিয়ন্ত্রণ
(ঘ) ব্যাংক হিসাব খোলা

**২৬. আয় নিশ্চিত থাকে কোনটিতে?**
(ক) সাধারণ শেয়ারে
(খ) সরকারি বন্ডে
(গ) সরকারি প্রতিষ্ঠানের শেয়ারে
(ঘ) কর্পোরেট বন্ডে

**২৭. ঋণের সুদ থেকে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি?**
(ক) ব্যবসায়িক ঝুঁকি (খ) বাজার ঝুঁকি
(গ) মোট ঝুঁকি (ঘ) আর্থিক ঝুঁকি

**২৮. মানি লন্ডারিং একটি—**
(ক) ব্যবসায়িক ঝুঁকি (খ) বাজার ঝুঁকি
(গ) মোট ঝুঁকি (ঘ) আর্থিক ঝুঁকি

**২৯. মানি লন্ডারিং একটি—**
i. দেওয়ানি অপরাধ
ii. ফৌজদারি অপরাধ
iii. রাষ্ট্রদ্রোহীতামূলক অপরাধ

**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i, ii ও iii

**৩০. জনাব কবির ৫ বছরের জন্য ৮০ লক্ষ টাকার একটি প্রকল্পের জন্য বিনিয়োগ করেন। তার গড় বিনিয়োগ কত হবে?**
(ক) ৮০ লক্ষ (খ) ৬০ লক্ষ
(গ) ৫০ লক্ষ (ঘ) ৪০ লক্ষ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ |

Teachingbd24.com

https://teachingbd24.com